**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 8/1/2022 **গভর্নর ক্যাথি হোকল**

**গভর্নর ক্যাথি হোকল আজ অরেঞ্জ কাউন্টিতে I-87 এ 6.7 মিলিয়ন ডলারের ফুটপাথ উন্নতিসাধনের প্রকল্পের কাজ শুরু হওয়ার ঘোষণা করেছেন**

***প্রকল্পে অন্তর্ভুক্ত থ্রুওয়ের মেরামত এবং পৃষ্ঠতলের পুনর্নির্মাণ***

***নিরাপত্তার উন্নতিসাধনের মধ্যে আছে নতুন গার্ডরেল, স্ট্রিপিং এবং শ্রবণযোগ্য রাস্তার বর্ণনাকারক***

***2023 সালের বসন্তে নির্মাণ কাজ শেষ হবে বলে প্রত্যাশা করা হচ্ছে***

গভর্নর ক্যাথি হোকল আজ অরেঞ্জ কাউন্টিতে নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ের (I-87) 6.7 মিলিয়ন ডলারের ফুটপাথ উন্নতিসাধনের প্রকল্পের কাজ শুরু হওয়ার ঘোষণা করেছেন। কাজের মধ্যে থাকবে উডবেরি থেকে হ্যারিম্যানে একজিট 16 এর ঠিক উত্তর পর্যন্ত একটি 2.5 মাইলের অংশ, যা দিয়ে প্রতিদিন আনুমানিক 92,000 যানবাহন চলাচল করে।

"এই নিম্ন হাডসন ভ্যালি করিডোরটি দক্ষিণ অরেঞ্জ কাউন্টিতে বাণিজ্যের জন্য এবং যে মোটর চালকরা রুট 17 ব্যবহার করেন তাদের জন্য একটি কেন্দ্রীয় লিঙ্ক, এবং এই প্রকল্পে বিনিয়োগ নিরাপত্তা বৃদ্ধি করবে এবং যাত্রী ও বাণিজ্যিক যানবাহনের জন্য চলাচলের পৃষ্ঠকে উন্নত করবে," **গভর্নর হোকল বলেন।** "আমার প্রশাসন আমাদের পরিবহন পরিকাঠামো পুনর্নির্মাণকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছে, এবং এই সাম্প্রতিকতম বিনিয়োগ উন্নত যাতায়াত এবং মানুষ ও পণ্যের নিরাপদ ভ্রমণ নিশ্চিত করতে সহায়তা করবে।"

এই প্রকল্পের মধ্যে রয়েছে মাইলপোস্ট 43.5 থেকে মাইলপোস্ট 46 পর্যন্ত দুই ইঞ্চি গভীরতা পর্যন্ত মিল এবং ইনলে অপারেশন সম্পাদনের মাধ্যমে উত্তরমুখী এবং দক্ষিণমুখী উভয় ফুটপাথের তিনটি লেন পুনর্নির্মাণ, যা মোট 15টি লেন মাইলেরও বেশি জায়গা অনরভুক্ত করে। অতিরিক্তভাবে, একজিট 16 এর (হ্যারিম্যান - মার্কিন রুট 6 - NY রুট 17) উত্তরগামী র‍্যাম্পগুলিতে কংক্রিট স্ল্যাবগুলি সরানো হবে এবং প্রতিস্থাপন করা হবে। নিরাপত্তার উন্নতিসাধনের মধ্যে রয়েছে নতুন গাইডরেল, আরো বেশি প্রতিফলনকারী লাইন স্ট্রিপিং, এবং শোল্ডারগুলিতে নতুন শ্রবণযোগ্য রাস্তার বর্ণনাকারী।

থ্রুওয়ে অথরিটির (Thruway Authority) অনুমোদিত 2022 বাজেট থ্রুওয়ে অথরিটির মূলধন কর্মসূচিকে সমর্থন করার জন্য মোট 397 মিলিয়ন ডলার বিনিয়োগ করে। এছাড়াও, 2026 সালের মধ্যে, থ্রুওয়ের ক্যাপিটাল প্রোগ্রাম মূলধন প্রকল্পগুলিতে 1.9 বিলিয়ন ডলার বিনিয়োগ করবে বলে নির্ধারিত। এর মধ্যে রয়েছে থ্রুওয়েতে সিস্টেমব্যাপী প্রকল্পগুলির জন্য 1.65 বিলিয়ন ডলার।

**থ্রুওয়ে অথরিটির নির্বাহী পরিচালক ম্যাথিউ জে. ড্রিসকল বলেছেন,** "এটি থ্রুওয়ের একটি গুরুত্বপূর্ণ বিভাগ কারণ এটি উডবারি কমন প্রিমিয়াম আউটলেটস সহ দক্ষিণ অরেঞ্জ কাউন্টিতে একটি উল্লেখযোগ্য এবং জনপ্রিয় বাণিজ্যিক কেন্দ্রকে পরিষেবা প্রদান করে৷ আমরা এমন প্রকল্পগুলিতে বিনিয়োগ করতে প্রতিশ্রুতিবদ্ধ যা যাত্রী, পর্যটক এবং ব্যবসার জন্য একটি নিরাপদ এবং নির্ভরযোগ্য গাড়ি চালানোর অভিজ্ঞতা প্রদান করে।"

**রাজ্য সিনেটর জেমস স্কুফিস বলেছেন,** "আমি এই প্রয়োজনীয় উন্নতিসাধনগুলি শুরু হতে দেখে রোমাঞ্চিত এবং স্থানীয় বাসিন্দাদের ধৈর্যের জন্য কৃতজ্ঞ যখন থ্রুওয়ে অথরিটি এই প্রকল্পটি সম্পূর্ণ করেছে এই 2.5 মাইল অংশে প্রতিদিন যাতায়াত করা 92,000 যানবাহনের হয়ে৷ গভর্নর এবং আইন প্রণয়নকারী অংশীদারদের সাথে কাজ করে এই গুরুত্বপূর্ণ পরিকাঠামো মেরামতগুলি হল সেই অগ্রাধিকারসমূহ যার জন্য আমি প্রতিটি বাজেটের মরসুমে লড়াই করি।"

**সংসদ সভার সদস্য কলিন জে. স্মিট বলেছেন,** "স্থানীয় বাসিন্দা এবং দর্শনার্থীরা সমানভাবে উপকৃত হবেন মেরামত এবং নিরাপত্তার উন্নতির জন্য উডবারির শহরে নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়েতে 6.7 মিলিয়ন ডলারের বিনিয়োগ থেকে৷ আমি এই প্রকল্পটিকে এবং এর যে ইতিবাচক প্রভাবগুলি এই বেশি পরিমাণে যাতায়াত করা রাস্তার উপর পড়বে যা হাডসন ভ্যালি এবং সমস্ত আপস্টেট নিউ ইয়র্কের জন্য একটি প্রবেশদ্বার হিসাবে কাজ করে, তা সম্পূর্ণভাবে সমর্থন করার জন্য আমার সতীর্থ সরকারের নেতাদের সাথে একত্রিত হয়েছি।"

**অরেঞ্জ কাউন্টির নির্বাহী স্টিভেন এম. নিউহাউস বলেছেন,** "এটি অরেঞ্জ কাউন্টির যাত্রী এবং দর্শনার্থীদের জন্য সমানভাবে একটি গুরুত্বপূর্ণ প্রকল্প এবং থ্রুওয়েতে এই গুরুত্বপূর্ণ হাবটির সুব্যবস্থা করার জন্য আমি গভর্নরকে ধন্যবাদ জানাই৷ এই উন্নতিসাধনগুলি আমাদের এই অর্থনৈতিকভাবে অত্যাবশ্যকীয় করিডোরকে বিপণন করতে সহায়তা করবে উডবেরি কমন এবং লেগোল্যান্ড নিউ ইয়র্কের (LEGOLAND New York) মতো আকর্ষণগুলির সাথে বৃদ্ধির জন্য।"

সমস্ত কাজ ট্র্যাফিকের উপর প্রভাব সীমিত রাখার জন্য রাতে করা হবে এবং 2023 সালের বসন্তে শেষ হবে বলে আশা করা হচ্ছে।

উইল্টন নিউ ইয়র্কের কুব্রিকি কন্সট্রাক্টশন কর্পোরেশন (Kubricky Construction Corp.) হল এই প্রকল্পের ঠিকাদার।

নির্মাণ কাজ চলার সময় যানবাহন চালকরা হয়ত দেখতে পাবেন যে ট্রাফিক শিফট ও স্টপেজ বরাবর থ্রুওয়েতে লেন বন্ধ আছে। সমস্ত কাজ আবহাওয়ার উপর নির্ভরশীল এবং পরিবর্তন হতে পারে।

যানবাহনের চালকদের সতর্ক থাকতে এবং কাজের এলাকায় নির্দেশিত গতির সীমা অনুসরণ করতে অনুরোধ করা হচ্ছে এবং মনে করিয়ে দেওয়া হচ্ছে যে কাজের এলাকায় বেশি গতিতে গাড়ি চালানোর জন্য জরিমানা দ্বিগুণ করা হয়। 2005 সালের ওয়ার্ক জোন সেফটি অ্যাক্ট(Work Zone Safety Act) অনুসারে, কোনও ব্যক্তি কাজের এলাকায় দুই বা তার বেশি বার গতিসীমা অতিক্রম করলে সেই ব্যক্তির ড্রাইভিং লাইসেন্স স্থগিত করা হতে পারে।

বাস্তব সময়ে ট্রাফিক সংক্রান্ত আপডেটগুলির জন্য thruway.ny.gov এ যান। যানবাহনের চালকরা থ্রুওয়ে অথরিটির বিনামূল্যের মোবাইল অ্যাপটি ডাউনলোডও করতে পারেন এবং ট্রাফিক সংক্রান্ত তথ্যের জন্য TRANSঅ্যালার্টস এর জন্য সাইন আপ করতে পারেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418